চুয়াডাঙ্গার তিতুদহে শত্রুতা করে কৃষকদের জমির ফসল নষ্ট

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহের উজিরপোতা মাঠে শত্রুতামূলক জমির ফসল নষ্ট করে কেটে দিয়েছে দূর্বত্তরা।

গতকাল রবিবার দিবাগত রাতে শত্রুরা শত্রুতা মূলক ভাবে মাঠের আবাদি ফসল ঝাল, বেগুণ, উস্তে ও লাউয়ের বান কেটে নষ্ট করে দিয়েছে দূর্বৃত্তরা। এতে করে মাঠের চাষিরা আবাদি ফসল নিয়ে দুঃচিন্তায় রয়েছে।

অভিযোগে জানা যায়, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গোলাপনগর পুলপাড়ার
আমিরুল ইসলামের ছেলে উজ্জল হোসেন একই গ্রামের মৃত হামাত আলীর ছেলে টুকু মাষ্টারের ১০ কাঁঠা জমি বার্ষিক লীজ নিয়ে মরিচ (ঝাল) আবাদ করে ও একই ইউনিয়নের বড় সলুয়া গ্রামের জয়নাল মোল্লার ছেলে মাছুমের ১২ কাঁঠা জমি বছর লীজ নিয়ে বেগুণ, উস্তের আবাদ করে।

এ আবাদকৃত জমির আবাদি ফসল মরিচ (ঝাল), বেগুণ ও উস্তে গাছ কেঁটে, উপরে নষ্ট করে দেয় অজ্ঞাত দূর্বৃত্তরা। এছাড়া একই গ্রামের মিয়া পাড়ার রফিক উদ্দিনের ছেলে নাসির উদ্দিন একই পাড়ার ছানোয়ার মাষ্টারের ১ বিষা জমি লীজ নিয়ে লাউ বাগান করে।

এ বাগানের বানের সুতার নেট কেটে দেওয়া হয়। এতে করে চাষিদের মাঠের আবাদি ফসল নস্ট হওয়ায় লক্ষাধিক টাকার ক্ষিতি সাধিত হয়েছে। ফলে মাঠের আবাদি ফসল নষ্ট, কেটে ফেলে ক্ষতিসাধিত করায় চাষিদের মধ্যে আতঙ্কের সৃস্টি হয়েছে। যার ফলে একদিকে যেমন মাঠের ফসল হচ্ছে অপর দিকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে চাষিরা। তাই বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনী সু-নজর দিয়ে চাষিদের মাঠের আবাদি ফসল নষ্টের হাত থেকে রক্ষা করবে বলে সচেতন মহল মনে করছে।